গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
স্বরাষ্ট্র মন্ত্রণালয়
সুরক্ষা সেবা বিভাগ
অগ্নি শাখা-১
www.ssd.gov.bd

সুরক্ষা সেবা বিভাগের এপিএ টিমের জানুয়ারি-২০২১ মাসের মাসিক সভার কার্যবিবরণী।

| | | |
|---|---|---|
| সভাপতি | : | মল্লিক সাঈদ মাহবুব<br>যুগ্মসচিব<br>ও<br>এপিএ টিম প্রধান |
| সভার তারিখ | : | ২৫/০১/২০২১ |
| সময় | : | সকাল ১০.৩০ টা |
| স্থান | : | সভাপতির অফিস কক্ষ। |

উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট 'ক' তে উপস্থাপন করা হলো।

উপস্থিত সদস্যবৃন্দকে স্বাগত ও শুভেচ্ছা জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করেন। তিনি ২০২০-২০২১ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে বর্ণিত কার্যক্রমসমূহ বাস্তবায়নের বিষয়ে কাজ করার জন্য উপস্থিত সুরক্ষা সেবা বিভাগের বিভিন্ন অনুবিভাগ প্রতিনিধি, এপিএ টিমের সদস্য এবং আওতাধীন দপ্তর/সংস্থাসমূহের ফোকাল পয়েন্ট কর্মকর্তাগণকে ধন্যবাদ জ্ঞাপন করেন। চুক্তিতে বর্ণিত প্রতিটি সূচকের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য সবাইকে এখন থেকেই আরো আন্তরিকতা ও নিষ্ঠার সাথে কাজ করার আহবান জানান।

২। **<u>বিগত সভার কার্যবিবরণী অনুমোদন :</u>**

১৪/১২/২০২০ তারিখে অনুষ্ঠিত এপিএ টিমের মাসিক সভার কার্যবিবরণী পাঠ করে শুনানো হয় এবং কোন সংশোধনী না থাকায় তা সর্বসম্মতিক্রমে দৃঢ়ীকরণ করা হয়।

৩। সভায় সুরক্ষা সেবা বিভাগের এপিএ অর্ধবার্ষিক মূল্যায়ন সম্পর্কে ফোকাল পয়েন্ট কর্মকর্তা, সুরক্ষা সেবা বিভাগ, বিভিন্ন দপ্তর/সংস্থার কার্যক্রম এবং সুরক্ষা সেবা বিভাগের এপিএ তে বর্ণিত বিভিন্ন দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমের অগ্রগতি তুলে ধরেন। তিনি বলেন, বার্ষিক কর্মসম্পাদন চুক্তির লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের লক্ষ্যে গৃহীত কার্যক্রম বাস্তবায়ন, পরিবীক্ষণ এবং মূল্যায়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা প্রয়োজন। উল্লেখ্য, মন্ত্রিপরিষদ বিভাগ কর্তৃক বিগত ২০১৯-২০ অর্থবছরের মূল্যায়নে দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কিছু সূচকের লক্ষ্যমাত্রা মোটেও অর্জিত না হওয়ায় ৫১টি মন্ত্রণালয়/বিভাগের মধ্যে সুরক্ষা সেবা বিভাগ ১৪তম স্থান অধিকার করেছে। সার্বিক মূল্যায়নে সুরক্ষা সেবা বিভাগ ৮৬.৪৩ নম্বর অর্জন করেছে। সম্পূর্ণভাবে অর্জিত না হওয়া সূচকসমূহ নিম্নরুপ :

| ক্রমিক | কর্মসম্পাদনসূচক | বাস্তবায়নে সংশ্লিষ্ট অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা |
|---|---|---|
| ১ | পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সহজিকরণের লক্ষ্যে ১০টি বৈদেশিক মিশনের এমআরপি কার্যক্রম সম্প্রসারণের নিমিত্ত ৩০টি পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | প্রশাসন ও অর্থ অনুবিভাগ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ২ | ইমিগ্রেশন নীতিমালার খসড়া প্রণয়ন | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৩ | ই-ভিসা ও ই-টিপি প্রকল্পের ডিপিপি প্রস্তুত | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৪ | ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণের ডিপিপি প্রণয়ন | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৫ | ডিআইপি'র প্রধান কার্যালয় ভবন নির্মাণ প্রকল্পের ডিপিপি প্রণয়ন | ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর |
| ৬ | কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | কারা অধিদপ্তর |
| ৭ | সুরক্ষা সেবা বিভাগের শূন্যপদের বিপরীতে নিয়োগ প্রদান | প্রশাসন ও অর্থ অনুবিভাগ |

৪। চলতি ২০২০-২০২১ অর্থবছরের এপিএ'তে সুরক্ষা সেবা বিভাগের অর্ধবার্ষিক মূল্যায়নে বিভিন্ন অনুবিভাগ এবং দপ্তর/সংস্থা সংশ্লিষ্ট কার্যক্রমসমূহের অগ্রগতি নিম্নে তুলে ধরা হলো :

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | ৩১/১২/২০ পর্যন্ত অর্জন | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| **কারা অনুবিভাগ এবং কারা অধিদপ্তর সংশ্লিষ্ট** | | | | | |
| [১.১] কারাবন্দিদের পুনর্বাসনের জন্য কার্যক্রম বাস্তবায়ন | [১.১.৩] বাস্তবায়িত লভ্যাংশ প্রদান কার্যক্রম | সংখ্যা (কারাগার) | ২৮ | ২৩ | দ্রুত সম্প্রসারণের পদক্ষেপ নিতে হবে |
| [১.৩] কারাবন্দিদের জন্য স্বজন লিংক প্রকল্প বাস্তবায়ন | [১.৩.১] বাস্তবায়িত স্বজন লিংক প্রকল্পের কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা (কারাগার) | ১০ | - | জরুরী ভিত্তিতে বাস্তবায়ন সম্পন্ন করতে হবে |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | ৩১/১২/২০ পর্যন্ত অর্জন | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| [১.৫] কারাবন্দিদের আবাসন সমস্যা দূরীকরণ | [১.৫.১] বন্দি ধারণ ক্ষমতা বৃদ্ধিকরণ | সংখ্যা (জন) | ৪২২৫০ | - | দ্রুত সম্পন্ন করতে হবে |
| | [১.৫.২] খুলনা জেলা কারাগার নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ৭৫ (ক্রমপুঞ্জিভূত) | ৬৬.৭২ | ডিপিপি সংশোধনসহ আনুষঙ্গিক সকল কাজ শেষ করে লক্ষ্যমাত্রা অর্জন নিশ্চিত করতে হবে |
| | [১.৫.৩] ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ৭৫ (ক্রমপুঞ্জিভূত) | ৬৭ | |
| [১.৬] নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে কার্যক্রম গ্রহণ | [১.৬.১] প্রকল্প/স্থানীয় ব্যবস্থাপনায় গৃহিত আধুনিকায়ন কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা (কারাগার) | ৪৫ টি (ক্রমপুঞ্জিভূত) | - | আধুনিকায়ন কার্যক্রম দ্রুত সম্পন্ন করতে হবে |
| | [১.৬.২] এ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | - | পুনর্গঠিত ডিপিপি ০৫/৭/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে আনুষঙ্গিক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে |
| [১.৭] বঙ্গবন্ধুর জন্মশতবার্ষিকী উপলক্ষে বিশেষ কর্মসূচি উদযাপন | [১.৭.১] কারাবন্দিদের পোষ্যদের অনুকূলে বঙ্গবন্ধু বৃত্তি প্রদান | সংখ্যা | ১০০০ | - | অর্থ ব্যয়ের অনুমতির জন্য অর্থ মন্ত্রণালয়ে প্রস্তাব প্রেরণ করা হয়েছে। |
| **নিরাপত্তা ও বহিরাগমন অনুবিভাগ এবং ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর** | | | | | |
| [২.৪] উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম বৃদ্ধি | [২.৪.১] ই-পাসপোর্ট ইস্যুকারী অফিস | সংখ্যা | ৪০ | ৪৬ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| [২.৫] ইমিগ্রেশন প্রক্রিয়া সহজ ও যুগোপযোগীকরণ | [২.৫.১] বিভিন্ন ইমিগ্রেশন চেকপোস্টে/বিমান বন্দরে স্থাপিত ই-গেইট | সংখ্যা | ৩০ | ৯ | লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে |
| [২.৬] প্রাতিষ্ঠানিক সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে অবকাঠামোগত উন্নয়ন | [২.৬.১] ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | % | ২০ (ক্রমপুঞ্জিভূত) | ১৫ | |
| | [২.৬.২] ১৭ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | সংখ্যা | ১৬ (ক্রমপুঞ্জিভূত) | ১৪ | |
| | [২.৬.৩] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে চূড়ান্তকরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | - | ডিপিপি দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে |
| | [২.৬.৪] ই-ভিসা শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে চূড়ান্তকরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | - | ডিপিপি দ্রুত সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করতে হবে |
| [৫.৪] বিদেশে অবস্থিত বাংলাদেশ দূতাবাসসমূহের মাধ্যমে পাসপোর্ট ও ভিসা সেবা কার্যক্রম সম্প্রসারণ | [৫.৪.১] ন্যূনতম নতুন ১০টি বৈদেশিক মিশনে পদ সৃজনের প্রস্তাব জনপ্রশাসন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২৮/০২/২০২১ | ২১/৭/২০২০ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| [৫.৫] পাসপোর্ট ও ভিসা সেবা সংক্রান্ত আইন প্রণয়ন | [৫.৫.১] ইমিগ্রেশন আইনের খসড়া চূড়ান্তকরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | - | আইনের খসড়া অতিসত্ত্বর সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ নিশ্চিত করতে হবে |
| **মাদক অনুবিভাগ এবং মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর** | | | | | |
| [৩.২] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ সংক্রান্ত আইন/বিধিমালা প্রণয়ন | [৩.২.১] মাদকবিরোধী কার্যক্রম বাস্তবায়নের অংশ হিসেবে ডোপ টেস্ট বিধিমালা, ২০২০ এর খসড়া আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ৩১/১২/২০২০ | ২২/৯/২০২০ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| | [৩.২.২] বেসরকারি মাদকাসক্তি নিরাময় ও পরামর্শ কেন্দ্র বিধিমালা, ২০২০ এর খসড়া আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ২৮/৯/২০২০ | |
| | [৩.২.৩] অ্যালকোহল নিয়ন্ত্রণ বিধিমালা, ২০১৯ এর খসড়া আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | - | আইন মন্ত্রণালয়ের অবজারভেশন অনুযায়ী সংশোধনপূর্বক দ্রুত প্রেরণ করতে হবে |
| | [৩.২.৪] মাদকদ্রব্য নিয়ন্ত্রণ (সংশোধন) আইন, ২০২০ চূড়ান্ত অনুমোদনের জন্য মন্ত্রিপরিষদ বিভাগে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ২৫/৮/২০২০ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| [৩.৩] মাদকাসক্তদের চিকিৎসা এবং অধিদপ্তরের সক্ষমতা বৃদ্ধির লক্ষ্যে উন্নয়ন প্রকল্প বাস্তবায়ন | [৩.৩.১] ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ১০ (ক্রমপুঞ্জিভূত) | - | ডিপিপি সংশোধনপূর্বক প্রকল্পের কাজ দ্রুত সম্পন্ন করতে হবে |

| কার্যক্রম | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | ৩১/১২/২০ পর্যন্ত অর্জন | সুপারিশ/মন্তব্য |
|---|---|---|---|---|---|
| | [৩.৩.২] Modernization of DNC শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | - | ডিপিপি ২৭/৮/২০২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে। পরিকল্পনা কমিশনে প্রেরণের লক্ষ্যে আনুষঙ্গিক কাজ দ্রুত সম্পন্ন করতে হবে |
| | [৩.৩.৩] দেশের ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ১২/১১/২০২০ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| **অগ্নি অনুবিভাগ এবং ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর** | | | | | |
| [৪.২] ফায়ার সার্ভিসের সক্ষমতা বৃদ্ধির জন্য প্রকল্প গ্রহণ ও বাস্তবায়ন | [৪.২.১] ১৫৬ ও ২৫ (সংশোধিত ৪৬) ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ৮৩ | ১৫ | লক্ষ্যমাত্রা অর্জনে প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে |
| | [৪.২.২] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ৩ | - | |
| | [৪.২.৩] স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়ন (SAFER) | % | ৪৫ | ২০ | |
| | [৪.৪.১] ফায়ার সার্ভিস কর্মীদের জন্য পদক প্রদান নীতিমালা প্রণয়ন | তারিখ | ২/৫/২০২১ | ২৬/১১/২০২০ | লক্ষ্যমাত্রা অর্জিত |
| | [৪.৪.২] অগ্নি প্রতিরোধ ও নির্বাপন বিধিমালা, ২০১৪ সংশোধনের প্রস্তাব আইন মন্ত্রণালয়ে প্রেরণ | তারিখ | ২/৫/২০২১ | - | নির্দিষ্ট সময়ের মধ্যে প্রেরণ নিশ্চিতকরণের জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করতে হবে |

## পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ এবং প্রকল্প বাস্তবায়ন সংশ্লিষ্ট কার্যক্রমসমূহ:

| ক্রমিক | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | ৩১/১২/২০ পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|
| ১। | [১.৫.২] খুলনা জেলা কারাগার নির্মাণ শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ৭৫ (ক্রমপুঞ্জিভূত) | ৬৬.৭২% |
| ২। | [১.৫.৩] ময়মনসিংহ কেন্দ্রীয় কারাগার সম্প্রসারণ ও আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ৭৫ (ক্রমপুঞ্জিভূত) | ৬৭% |
| ৩। | [১.৬.১] নিরাপত্তা ব্যবস্থা আধুনিকায়নের লক্ষ্যে প্রকল্প/স্থানীয় ব্যবস্থাপনায় গৃহিত আধুনিকায়ন কার্যক্রম সম্প্রসারণ | সংখ্যা (কারাগার) | ৪৫ টি (ক্রমপুঞ্জিভূত) | চলমান |
| ৪। | [১.৬.২] এ্যাম্বুলেন্স, নিরাপত্তা সংক্রান্ত গাড়ী ও যন্ত্রপাতি সংগ্রহ এবং প্রশিক্ষণের মাধ্যমে কারা অধিদপ্তরের আধুনিকায়ন শীর্ষক প্রকল্পের পুনর্গঠিত ডিপিপি পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ৫/৭/২০তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে |
| ৫। | [২.৪.১] উন্নত প্রযুক্তি সম্পন্ন ই-পাসপোর্ট ইস্যু কার্যক্রম বৃদ্ধি | সংখ্যা | ৪০টি | ৪৬ |
| ৬। | [২.৫.১] বিভিন্ন ইমিগ্রেশন চেকপোস্টে/বিমান বন্দরে স্থাপিত ই-গেইট | সংখ্যা | ৩০টি | ৯ |
| ৭। | [২.৬.১] ১৬ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | % | ২০ (ক্রমপুঞ্জিভূত) | ১৫% |
| ৮। | [২.৬.২] ১৭ আঞ্চলিক পাসপোর্ট অফিস ভবন নির্মাণ শীর্ষক প্রকল্পের আওতায় ভবন নির্মাণ সম্পন্নকরণ | সংখ্যা | ১৬ (ক্রমপুঞ্জিভূত) | ১৪ |
| ৯। | [২.৬.৩] ইমিগ্রেশন ও পাসপোর্ট প্রশিক্ষণ কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে চূড়ান্তকরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | |
| ১০। | [২.৬.৪] ই-ভিসা শীর্ষক প্রকল্পের ডিপিপি মন্ত্রণালয় পর্যায়ে চূড়ান্তকরণ | তারিখ | ১৬/০৫/২০২১ | |
| ১১। | [৩.৩.১] ৪টি বিভাগীয় শহরে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের টেস্টিং ল্যাবরেটরি স্থাপন শীর্ষক প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন | % | ১০ (ক্রমপুঞ্জিভূত) | - |
| ১২। | [৩.৩.২] Modernization of DNC শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাই পূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ২৭/৮/২০ তারিখে সুরক্ষা সেবা বিভাগে প্রেরণ করা হয়েছে |
| ১৩। | [৩.৩.৩] দেশের ৭টি বিভাগীয় শহরে ২০০ শয্যা বিশিষ্ট নিরাময় ও পুনর্বাসন কেন্দ্র নির্মাণ শীর্ষক প্রকল্পের ডিপিপি যাচাই বাছাইপূর্বক পরিকল্পনা কমিশনে প্রেরণ | তারিখ | ০২/০৫/২০২১ | ১২/১১/২০২০ |
| ১৪। | [৪.২.১] ১৫৬ ও ২৫ (সংশোধিত ৪৬) ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ৮৩টি | ১৫টি |
| ১৫। | [৪.২.২] ১১টি মডার্ণ ফায়ার স্টেশন স্থাপন শীর্ষক প্রকল্পের আওতায় নির্মিত ফায়ার স্টেশন | সংখ্যা | ৩টি | চলমান |

| ক্রমিক | কর্মসম্পাদন সূচক | একক | লক্ষ্যমাত্রা | ৩১/১২/২০ পর্যন্ত অর্জন |
|---|---|---|---|---|
| ১৬। | [৪.২.৩] স্ট্রেংদেনিং এ্যাবিলিটি অব ফায়ার ইমার্জেন্সি রেসপন্স শীর্ষক প্রকল্পের কাজ বাস্তবায়ন (SAFER) | % | ৪৫ | ২০% |
| ১৭। | [৫.১.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচির অগ্রগতি বিষয়ক পর্যালোচনা সভা | সংখ্যা | ১২টি | ৬টি |
| ১৮। | [এম.৩.২.১] বার্ষিক উন্নয়ন কর্মসূচি (এডিপি) বাস্তবায়ন | % | ১০০ | ২৩.৬১% |
| ১৯। | [এম.৩.২.২] প্রকল্প বাস্তবায়ন সংক্রান্ত আইএমইডি'র সুপারিশ বাস্তবায়ন | % | ১০০ | - |

৫। বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্ত গৃহীত হয় :

(৫.১) শতভাগ লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে দপ্তর/সংস্থা প্রধান, সংশ্লিষ্ট কর্মকর্তা, এপিএ টিম প্রধান এবং ফোকাল পয়েন্ট কর্মকর্তার সাথে দপ্তর/সংস্থায় মতবিনিময় সভা আয়োজন করতে হবে;

(৫.২) দপ্তর/সংস্থার মাঠ পর্যায়ের কার্যক্রম পরিদর্শন ও মূল্যায়ন সংক্রান্ত লক্ষ্যমাত্রা অর্জনের বিষয়ে সকল কর্মকর্তাকে আন্তরিক হতে হবে;

(৫.৩) উন্নয়ন প্রকল্পের কার্যক্রম বাস্তবায়ন, নতুন ডিপিপি প্রণয়ন, অনুমোদন এবং পরিকল্পনা কমিশনে প্রেরণ সংক্রান্ত কার্যক্রম বাস্তবায়নে প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণের বিষয়ে পরিকল্পনা ও উন্নয়ন অনুবিভাগ প্রধানকে অনুরোধ জানিয়ে পত্র প্রদান করতে হবে;

(৫.৪) ২০২০-২১ অর্থবছরের লক্ষ্যমাত্রা শতভাগ অর্জনের জন্য আগামী ৩য় ও ৪র্থ ত্রৈমাসিকের বর্ণিত কার্যক্রম বাস্তবায়নের বিষয়ে সংশ্লিষ্ট সকলকে অবগত করে পত্র প্রদান করতে হবে।

৬। পরিশেষে সভায় আর কোন বিষয় না থাকায় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভাপতি সভার সমাপ্তি ঘোষণা করেন।

৩১.০১-২০২১

(মল্লিক সাঈদ মাহবুব)
যুগ্মসচিব
অগ্নি অনুবিভাগ
ও
এপিএ টিম প্রধান
সুরক্ষা সেবা বিভাগ।

স্মারক নং-৫৮.০০.০০০০.০৫২.৩২.০০১.১৭- ০৭

তারিখ : ১৭ মাঘ ১৪২৭ / ৩১ জানুয়ারি ২০২১

বিতরণ (জ্ঞাতার্থে ও কার্যার্থে):

১) অতিরিক্ত সচিব ......................................................, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
২) যুগ্মসচিব ................................................., সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৩) উপসচিব................................................ ও এপিএ টিমের সদস্য, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা।
৪) সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৫) প্রোগামার ও এপিএ টিমের সদস্য, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।

বিতরণ-দপ্তর/সংস্থাসমূহ (সদয় কার্যার্থে ও জ্ঞাতার্থে) :

০১। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা।
০২। মহাপরিচালক, মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সেগুনবাগিচা, ঢাকা।
০৩। কারা মহাপরিদর্শক, কারা অধিদপ্তর, বকশিবাজার, ঢাকা।
০৪। মহাপরিচালক, ফায়ার সার্ভিস ও সিভিল ডিফেন্স অধিদপ্তর, ঢাকা।

অনুলিপি (সদয় জ্ঞাতার্থে) :

০১। সচিব মহোদয়ের একান্ত সচিব, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। সিনিয়র সহকারী সচিব, কর্মসম্পাদন ব্যবস্থাপনা (নীতি ও সমন্বয়) শাখা, মন্ত্রিপরিষদ বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৩। প্রোগ্রামার, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ জানানো হলো)।

31/01/2021

(জাহিদুল ইসলাম)
উপসচিব
ও
ফোকাল পয়েন্ট কর্মকর্তা
এপিএ টিম।